158

তারিখ ..0 7. DEC 1995. ... ..
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২ ....

দৈনিক সংবাদ

# পরীক্ষার ফল প্রকাশ হয়নি, তার আগেই

ইসলামী বিশ্ববিদ্যালয় (কুষ্টিয়া), ৬ই ডিসেম্বর (নিজস্ব সংবাদদাতা)।— ইসলামী বিশ্ববিদ্যালয়ে আল কুরান বিভাগে একটি মৌলবাদী ছাত্র সংগঠনের নেতার ফলাফল মনোপূত না হওয়ায় ঐ সংগঠন পরীক্ষা নিয়ন্ত্রক অফিস ও বিভাগীয় অফিসে ২৪ ঘন্টার জন্য তালা ঝুলিয়ে দিয়েছে। এখনও ফলাফল প্রকাশিত হয়নি;, কিন্তু মৌলবাদী শিক্ষকদের গোপন তথ্যের

ফল ঃ পৃঃ ৮ কঃ ৭

## ফল ঃ প্রকাশ হয়নি

( ১ম পৃষ্ঠার পর )

ভিত্তিতে দুর্নীতি প্রতিরোধ কমিটির ব্যানারে তারা তালা লাগিয়ে দেয়। তারা বিভাগীয় সভাপতি মোঃ তাহির আহমেদের পদত্যাগ দাবিকরেছে।

বিষয়টি তদন্তের জন্য অর্থনীতি বিভাগের সভাপতি ডঃ মোঃ মামুনকে আহ্বায়ক করে পাঁচ সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

দুর্নীতি প্রতিরোধ কমিটির ব্যানারে মৌলবাদী ছাত্রগোষ্ঠী বিশ্ববিদ্যালয় প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনের মাধ্যমে ফলাফল প্রকাশ স্থগিত ও নতুনভাবে উত্তরপত্র দেখার দাবি জানিয়েছে।

এ ব্যাপারে আল্ কুরান বিভাগের চেয়ারম্যানের সাথে আলাপ করলে তিনি জানান, মৌলবাদী গোষ্ঠী তাদের নেতার ভাল ফলাফল জোর করে আদায় করার জন্য ষড়যন্ত্রমূলকভাবে অপচেষ্টা চালাচ্ছে।